



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমি (নায়েম)
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়
প্রশিক্ষণ ও বাস্তবায়ন বিভাগ
নায়েম রোড, ধানমন্ডি, ঢাকা ১২০৫
www.naem.gov.bd



স্মারক নম্বর: ৩৭.০৪.০০০০.৩০০.২৫.০০৯.২৩.১৪

১২ পৌষ ১৪৩০ বঙ্গাব্দ
তারিখ: ২৭ ডিসেম্বর ২০২৩ খ্রিস্টাব্দ

বিষয়: ৩৯তম অফিস ব্যবস্থাপনা প্রশিক্ষণ কোর্সে প্রশিক্ষার্থী মনোনয়ন

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, আগামী ১৭.০১.২০২৪ খ্রি. থেকে ০৬.০২.২০২৪ খ্রি. মেয়াদে ১৪ দিনব্যাপী জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমি (নায়েম)-এ ৩৯তম অফিস ব্যবস্থাপনা প্রশিক্ষণ কোর্স অনুষ্ঠিত হবে। এ কোর্সটি শিক্ষা মন্ত্রণালয়ের আওতাধীন বিভিন্ন দপ্তর/প্রতিষ্ঠানের কর্মকর্তাগণের জন্য নির্ধারিত। উক্ত কোর্সে তাঁর আওতাধীন বিভিন্ন দপ্তর/প্রতিষ্ঠান হতে ০৪ (চার) জন কর্মকর্তাকে মনোনয়ন প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। নিম্নলিখিত বিষয়সমূহের প্রতি দৃষ্টি আকর্ষণ করা হলো:

১. অফিসের ক্ষেত্রে প্রথম শ্রেণির কর্মকর্তা এবং কলেজের ক্ষেত্রে প্রভাষক (স্থায়ীকরণকৃত) এবং সহকারী অধ্যাপক মনোনয়ন দেওয়ার জন্য অনুরোধ করা হলো।
২. যাদের বয়স ৫৭ বছর অতিক্রম করেছে তাঁদের এ প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণ করার প্রয়োজন নেই।
৩. যে সকল কর্মকর্তা বিগত ০১ (এক) বছরের মধ্যে নায়েম পরিচালিত কোন প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণ করেছেন তাঁদের মনোনয়ন দেয়া যাবে না।
৪. মনোনীত কর্মকর্তাগণ কোর্স শুরুর অন্তত ০৩ (তিন) দিন পূর্বে নায়েম ওয়েব সাইট www.naem.gov.bd -এর প্রশিক্ষণ-সংক্রান্ত মেনুর অন-লাইন রেজিস্ট্রেশন থেকে ফর্ম পূরণপূর্বক কোর্সে যোগদান করবেন।
৫. প্রশিক্ষার্থীগণের থাকা-খাওয়া, শিক্ষা সফর এবং আনুষঙ্গিক খরচ বাবদ আনুমানিক ১৫০০০/ (পনের হাজার টাকা) সঞ্চে আনতে হবে।
৬. সরকারি বিধি মোতাবেক প্রশিক্ষণ সমাপ্তির পর প্রশিক্ষণে অংশগ্রহণকারীর ভ্রমন ও দৈনিক ভাতা/প্রশিক্ষণ ভাতার বিল নায়েম-এ পেশ করতে হবে। **উক্ত বিল শিক্ষা মন্ত্রণালয়ের প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তার অফিস হতে অনুমোদনের পর অন-লাইন ব্যাংকিং একাউন্টে প্রেরণ করা হবে। সেজন্য সংযুক্ত ছক যথাযথভাবে পূরণ করে আনতে হবে।**
৭. প্রশিক্ষার্থীগণের জন্য নির্ধারিত ফি প্রদান পূর্বক আসন শূন্য থাকা সাপেক্ষে নায়েম-হোস্টেলে অবস্থানের ব্যবস্থা আছে।
৮. **মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ এর স্মারক নম্বর মাউশিপ্র/বা-ইউ/৫২৮০ তারিখ ১০.০১.১৯ এবং ৩৭.০২.০০০০.১১০.১৮.৪১.২০১৬-২৬৫ তারিখ ০৭.০৩.২০১৬ খ্রি. অনুসারে মনোনীত কর্মকর্তাগণের এ কোর্সে অংশগ্রহণ বাধ্যতামূলক। প্রশিক্ষণে মনোনীত কর্মকর্তাগণ প্রশিক্ষণ শুরুর দিন থেকে তাৎক্ষণিক বিমুক্ত বলে গণ্য হবেন। সুতরাং গ্রহণযোগ্য কারণ ছাড়া প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণ করা থেকে বিরত থাকলে তাঁর বিরুদ্ধে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হবে।**
৯. প্রশিক্ষণ সংক্রান্ত কোন বিষয় জানার প্রয়োজন হলে কোর্সের কোর্স পরিচালক প্রফেসর মোঃ খোরশেদ আলম, প্রশিক্ষণ বিশেষজ্ঞ, নায়েম (০১৭১২০৪৬৩৯৯) এবং কোর্স সমন্বয়ক ড. মুহাম্মাদ জাকির আল-ফারুকী, প্রশিক্ষণ বিশেষজ্ঞ, নায়েম (০১৭১১৯৪৯৩৮১) - এর সঞ্চে যোগাযোগ করা যেতে পারে। মনোনীত প্রশিক্ষার্থীগণকে ১১.০১.২০২৪খ্রি. এর মধ্যে উল্লিখিত সেল ফোন নম্বরে এসএমএস অথবা ই-মেইল (jakiralfaruki@gmail.com) করে উপস্থিতি নিশ্চিত করতে অনুরোধ করা হলো।
১০. মনোনীত কর্মকর্তাগণকে অনলাইন পূরণকৃত রেজিস্ট্রেশন ফর্ম, অফিস ছাড়পত্র, জাতীয় পরিচয় পত্রের কপি, চেক বইয়ের ফটোকপি, প্রতিষ্ঠানের EIIN নম্বর, পাসপোর্ট সাইজের ০৩ (তিন) কপি ছবি এবং ১০টাকা মূল্যমানের ০১ (এক)টি রেভিনিউ স্ট্যাম্প সঞ্চে আনতে হবে।

২৭-১২-২০২৩

প্রফেসর তাহসিনা আক্তার
পরিচালক

০২-৫৫১৬৭৫৩০ (ফোন)

০২-৫৫৬৩২১৪ (ফ্যাক্স)

ddtrainingnaem@gov.bd

মাউশি আঞ্চলিক পরিচালকগণ।

স্মারক নম্বর: ৩৭.০৪.০০০০.৩০০.২৫.০০৯.২৩.১৪/১ (৮)

১২ পৌষ ১৪৩০ বঙ্গাব্দ
তারিখ: ২৭ ডিসেম্বর ২০২৩ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। সচিব, সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ;
- ২। মহাপরিচালক, মহাপরিচালকের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর;
- ৩। পরিচালক, পরিকল্পনা ও উন্নয়ন বিভাগ, জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমি;
- ৪। পরিচালক, প্রশাসন ও অর্থ বিভাগ, জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমি;
- ৫। পরিচালক, গবেষণা ও তথ্য বিভাগ, জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমি;
- ৬। শিক্ষা মন্ত্রণালয়, ৪৫ পুরানা পল্টন, ঢাকা;
- ৭। নায়েম, ঢাকা এবং
- ৮। প্রোগ্রামার, আইসিটি সেল, জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমি।



২৭-১২-২০২৩

ড. মুহাম্মাদ জাকির আল ফারুকী
প্রশিক্ষণ বিশেষজ্ঞ